

উদ্দীপক বন্ড প্রস্তাব - গণভোট

ভোটের তারিখ - ৩রা নভেম্বর

প্রেসিডেন্ট ওবামা কর্তৃক ডেট্রয়েট সরকারী বিদ্যালয় সমূহের জন্য উদ্দীপক ডলার প্রাপ্য।

প্রেসিডেন্ট ওবামা ডেট্রয়েট সরকারী বিদ্যালয় সমূহের ৮টি নূতন বিদ্যালয় নির্মাণ করার জন্য এবং ১০টিকে আধুনিকায়ন করার জন্য মিলিয়ন মিলিয়ন ডলার উদ্দীপক বন্ড দিয়েছেন। এই অর্থ ডেট্রয়েট সরকারী বিদ্যালয় সমূহে আসবে বিনা সূদে অথবা স্বল্প সূদে আর্থিক উদ্দীপক ব্যবস্থার আওতায়। এই অর্থ খুব তাড়াতাড়ি ৩ বছরে খরচ করতে হবে। সারা দেশে সর্বোচ্চ বরাদ্দ প্রাপ্তদের মধ্যে ৬ষ্ঠ স্থানে রয়েছে ডেট্রয়েট সরকারী বিদ্যালয় সমূহ। যদি আমরা এই অর্থ ব্যবহার করতে না পারি তা হলে হারাবো।

আমরা কি ভাবে এই অর্থ পাব?

৩রা নভেম্বর ডেট্রয়েট বাসীদেরকে উদ্দীপক বন্ডের প্রস্তাব সম্পর্কে জিজ্ঞাসা করা হবে। ১৮টি ডেট্রয়েট সরকারী বিদ্যালয় নূতন নির্মাণ বা আধুনিকায়নের জন্য ভোটাররা অনুমোদন করতে হবে তবে ৫০০.৫ মিলিয়ন ডলার পাওয়া যাবে। যদি উদ্দীপক প্রস্তাব গৃহীত হয় তবে কোন কর বাড়বে না। আপনার কর সমানই থাকবে।

উদ্দীপক প্রস্তাব সম্পর্কে তথ্য :

- এই অর্থে ডেট্রয়েট সরকারী বিদ্যালয় সমূহকে ৮টি নূতন বিদ্যালয় নির্মাণ এবং ১০টিকে আধুনিকায়ন করতে হবে পরবর্তী ৩ বছরে।
- ডেট্রয়েট সরকারী বিদ্যালয় সমূহ এই উদ্দীপক বন্ড বরাদ্দ পাওয়ার পূর্বে ভোটাররা ৩রা নভেম্বর অনুমোদন করতে হবে।
- যদি উদ্দীপক প্রস্তাব গৃহীত হয় তবে কোন কর বাড়বে না। আপনার কর সমানই থাকবে।
- বন্ডের অর্দেক - ২৪৬ মিলিয়ন ডলার পরিশোধ করতে হবে বিনাসূদে।
- মিশিগান রাজ্যের ফর্মূলা অনুযায়ী ১১,০০০টি নূতন চাকুরী সৃষ্টি হবে।
- এই উদ্দীপক প্রস্তাবের ফলে ২০১০ সালের জানুয়ারী থেকে ৩বছরের মধ্যে ৫০০.৫ মিলিয়ন ডলার ডেট্রয়েট এলাকায় ব্যয় হবে।
- এই উদ্দীপক প্রস্তাব ডেট্রয়েট এলাকা এবং সরকারী বিদ্যালয় সমূহে নিরাপত্তা ও শ্রেষ্ঠতার অগ্রগতির পথে নিয়ে যাবে। আমাদের লক্ষ্য হলো যদি এর কোন অর্থ বেচে যায় তবে নিরাপত্তা, প্রযুক্তি ও জীবনের মান উন্নয়নের জন্য ব্যয় করা হবে।
- জাতীয় উদ্দীপক বরাদ্দের শর্ত অনুযায়ী ৩ বছরের মধ্যে সমস্ত নির্মাণ কাজ শেষ করতে হবে।

ধারাবাহিক অগ্রগতি :

শিক্ষা ব্যবস্থার মান উন্নয়নের জন্য আমরা নিম্নের পদক্ষেপ সমূহ গ্রহণ করেছি :

- ৪টি বিদ্যালয়ের মধ্যে ১ টিকে নেতৃত্ব প্রদান, নূতন নিয়োগদান, বিদ্যালয় সমূহকে পুনর্বিদ্যায়িত করা এবং জাতীয় অংশ গ্রহণকারীগণকে নিযুক্ত করা।
- আমি আছি"ছাত্র ধারণের প্রচার এবং ছাত্রদেরকে ডেট্রয়েট সরকারী বিদ্যালয় সমূহ ত্যাগ রোধ করে রাখার কর্মসূচী গ্রহণ করা।
- ৪২টি বিদ্যালয়ে ৩২ মিলিয়ন গ্রীষ্মকালীন নির্মাণ কর্মসূচী সম্পন্ন করা। এই উন্নয়ন গুলো নিম্নরূপ :
 - সার্বিক উন্নয়ন যেমন - পর্যাপ্ত আলোর ব্যবস্থা, মেঝের কাজ।
 - ছাদ
 - বাথরুম ও খাবার পানীয়ের মেরামত এবং প্রতিস্থাপন
 - খেলারমাঠ
 - নিরাপত্তা ও স্বাক্ষরদান পদ্ধতির উন্নতি।
 - গরম ও ঠান্ডা করার ব্যবস্থা মেরামত এবং প্রতিস্থাপন
 - বিদ্যালয় সমূহ রং করা

জবাবদিহীতা :

ভোটারদেরকে নিশ্চয়তা দেয়ার জন্য এবং অর্থ বিনোদের জবাবদিহীতার জন্য ডেট্রয়েট সরকারী বিদ্যালয় সমূহের জরুরী অর্থ ব্যবস্থাপক রবার্ট বাব সমাজের বিশিষ্ট ব্যক্তিদের নিয়ে নির্মাণ ও অর্থ বরাদ্দ পর্যবেক্ষণ করার জন্য পর্যবেক্ষণ কমিটি গঠন করবেন। ডেট্রয়েট সরকারী বিদ্যালয় সমূহের বন্ড উপদেষ্টা কমিটি ও আর্থিক কমিটি পিতামাতা, রাজনৈতিক নেতা, শিল্প ও শ্রমিক নেতা এবং সামাজিক নেতাদের সমন্বয়ে গঠন করা হবে যাতে আমাদের লক্ষ্য অর্জন নিশ্চিত হয়।

সাকুল্যে সংগ্রহ :

এই বন্ড কর্মসূচীতে স্থানীয় ক্ষুদ্র ব্যবসায়িক প্রতিষ্ঠানকে সংযুক্ত করা হবে :

- প্রথমতঃ ডেট্রয়েট বাসীকে নিযুক্ত করা হবে
- পরামর্শ ও ছাত্র নিয়োগ কর্মসূচী থাকবে যাতে নূতন প্রজন্মকে ডেট্রয়েট নির্মাণ পেশায় প্রশিক্ষিত করা যায়।

প্রকল্পের সুপারিশসমূহ :

Bethune Academy
Modernized

Brightmoor PK-8
New Building

Chadsey High School

New Building

Cooley High School
Modernized

Denby High School
Modernized or New Building

Duffield PK-8
Modernized

Finney High School
New Building

Ford High School
Modernized or New Building

JR King PK-8
Modernized

Marcus Garvey PK-8
Modernized

Mark Twain PK-8
Modernized

Martin Luther King, Jr. High School
New Building

Maybury PK-8
New Building

McNair PK-8
New Building

Mumford High School
New Building

Munger PK-8
New Building

Northwestern High School
Modernized or New Building

Western International High School
Modernized or New Building

For More Information, please call

313-240-4DPS(313-240-4377)

or visit www.detroit.k12.mi.us/proposals